গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
জেলা সমাজসেবা কার্যালয়
সামাজিক নিরাপত্তা শাখা
রিজার্ভ মুখ, রাঙ্গামাটি
dss.rangamati.gov.bd

স্মারক নং- ৪১.০১.৮৪০০.০০০.১৬.৯৪২.২৫ ২৮৭

তারিখ : ০৯ চৈত্র ১৪৩১ / ২৩ মার্চ ২০২৫

**বিষয় : সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত ভাতাভোগী নির্বাচনে "ট্যাগ অফিসার" নিয়োগ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে "সামাজিক নিরাপত্তা বিষয়ক কেন্দ্রিয় ব্যবস্থাপনা কমিটি" (CMC) ২০তম সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১৬ মার্চ ২০২৫ খ্রি. তারিখ অত্র জেলার "সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটি"র সভা অনুষ্ঠিত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

২। সভার ১নং ক্রমিকে বর্ণিত আলোচ্যসূচি মোতাবেক সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত ভাতাভোগী নির্বাচনে স্বচ্ছতা আনয়ন, দ্বিত্বতা পরিহার ও বেনামী উপরকারভোগী বাদ দেয়ার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারদেরকে প্রতিটি ক্ষেত্রে ট্যাগ অফিসার নিয়োগ করে সুবিধাভোগী যাচাই-বাছাই করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায় মন্ত্রণালয়/বিভাগসমূহকে তাদের স্ব স্ব সামাজিক নিরাপত্তা কর্মসূচির সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক উপজেলা কমিটি কর্তৃক ট্যাগ অফিসার নিয়োগ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


**মোহাম্মদ ওমর ফারুক**
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৭১৭০৭
ইমেইল: dd.rangamati@dss.gov.bd


**উপজেলা নির্বাহী অফিসার**
(সকল)
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১। পরিচালক, সামাজিক নিরাপত্তা শাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। সমাজসেবা অফিসার/সমমান অফিসার (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা। (উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে সমন্বয়পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৫। অফিস কপি।